ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

তারিখ: ০৯/০৮/২০২৬ খ্রি.

# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের জামাল নজরুল ইসলাম গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্রে এনেক্স ভবন নির্মাণের জন্য বিভিন্ন প্রজাতির ১০৭টি গাছসহ বিজ্ঞান অনুষদের শিক্ষক লাউঞ্জের পিছনে টিনশেড রান্নাঘর নির্মাণের জন্য ০৩টি, বিএনসিসি ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানে ১২টি ও ব্যবসায় প্রশাসন অনুষদ ভবনের সাথে হেলে পড়া একটি তাল গাছ বিক্রির জন্য আগামী **১১/০৮/২০২৬ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায়** ইনস্টিটিউটের প্ল্যান্টেশন ইউনিট অফিসে একটি নিলাম ডাক অনুষ্ঠিত হবে। আগ্রহী ক্রেতাগণ নিম্নবর্ণিত শর্ত মোতাবেক উক্ত নিলাম ডাকে অংশ গ্রহণ করতে পারেন। এ সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৮.৩০ মিনিট থেকে ৩.৩০ মিনিট) ইনস্টিটিউট অফিসে যোগাযোগ করা যাবে।

**শর্ত সমূহ ঃ**

১. সর্বোচ্চ ডাককারীকে নিলামজাত দ্রব্য সরবরাহ করা হবে এবং ইনস্টিটিউটের একজন প্রতিনিধির উপস্থিতিতে গাছ কাটা ও সরবরাহ গ্রহণ করতে হবে।
২. নিলাম গ্রহণের পর নিলামের সমূদয় টাকা পরিশোধ করে ক্রেতা ভাউচার গ্রহণ করবেন এবং নিলাম গ্রহণের সর্বোচ্চ ১০ (দশ) দিনের মধ্যে নিলামজাত দ্রব্য ক্যাম্পাস থেকে নিয়ে যেতে হবে।
৩. নিলাম প্রাপ্তির পর নিলামজাত দ্রব্য ক্রেতার তত্ত্বাবধানে থাকবে।
৪. নিলামজাত দ্রব্য ক্যাম্পাসের বাহিরে নেওয়ার জন্য নিরাপত্তা দপ্তর থেকে নিলাম গ্রহীতা গেইট পাশ সংগ্রহ করবেন। বিকাল ৫.০০ টার মধ্যে ক্যাম্পাসের বাহিরে নিয়ে যাবেন।
৫. প্রচলিত নিয়মে ভ্যাট প্রদান প্রযোজ্য।
৬. নিলাম গ্রহণ বা বর্জন নিলাম কমিটির এখতিয়ারভূক্ত থাকবে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. বায়েজীদ মাহমুদ খান)
পরিচালক (ভারপ্রাপ্ত)।

স্মারক নং-বন/চবি/৭৩-বি/

তারিখ: ০৯/০৮/২০২৬ খ্রি.

অবগতি ও প্রতিনিধি প্রেরণের জন্য অনুলিপি প্রেরিত হলো: (ক্রম: জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. রেজিস্ট্রার, চ. বি., নিলাম ডাকে উপস্থিত থাকার জন্য একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করি।
২. প্রক্টর, চ. বি., নিলাম ডাকে উপস্থিত থাকার জন্য একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করি।
৩. সভাপতি, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, চ. বি., নিলাম ডাকে উপস্থিত থাকার জন্য/একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করি।
৪. প্রশাসক (এস্টেট শাখা), চ. বি., নিলাম ডাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করি।
৫. প্রশাসক, নিরাপত্তা দপ্তর, চ. বি., নিলাম ডাকে উপস্থিত থাকার জন্য/একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করি।
৬. পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

০৯/০৮/2026

(প্রফেসর ড. বায়েজীদ মাহমুদ খান)
পরিচালক (ভারপ্রাপ্ত)
ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড
এনভায়রনমেন্টাল সায়েন্সেস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।